

ইতিহাস  
নমুনা প্রশ্ন  
নতুন পাঠ্যসূচি

সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট  
(প্রথম ১৫ মিনিট শুধুমাত্র প্রশ্নপত্র পড়ার জন্য )

পূর্ণমান ৯০ : নিয়মিত পরীক্ষার্থীদের জন্য  
পূর্ণমান ১০০ : বহিরাগত পরীক্ষার্থীদের জন্য

বিভাগ 'ক'

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ

[ ১ × ২০ = ২০ ]

১.১ কলকাতা বিজ্ঞান কলেজের ইতিহাস অন্তর্গত হবে —

- (ক) ফটোগ্রাফির ইতিহাসের (খ) খেলাধুলার ইতিহাসের  
(গ) বিজ্ঞান-প্রযুক্তির ইতিহাসের (ঘ) পরিবেশের ইতিহাসের

বহু বিকল্পীয় প্রশ্নের নমুনা উত্তর  
১.১ (গ) বিজ্ঞান-প্রযুক্তির ইতিহাসের

১.২ 'বঙ্গদর্শন' প্রথম প্রকাশিত হয় —

- (ক) ১৮১৮ খ্রিস্টাব্দে (খ) ১৮৫৮ খ্রিস্টাব্দে  
(গ) ১৮৭২ খ্রিস্টাব্দে (ঘ) ১৮৭৫ খ্রিস্টাব্দে

১.৩ ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারের ক্ষেত্রে বেমানান নামটি হলো—

- (ক) রাজা রামমোহন রায় (খ) কালীপ্রসন্ন সিংহ  
(গ) ডেভিড হেয়ার (ঘ) ড্রিঙ্ক ওয়াটার বিটন (বেথুন)

বহু বিকল্পীয় প্রশ্নের নমুনা উত্তর  
১.৩ (খ) কালীপ্রসন্ন সিংহ

১.৪ ব্রহ্মানন্দ নামে পরিচিত ছিলেন যে ব্যক্তি—

- (ক) দেবেন্দ্রনাথ ঠাকুর (খ) রাখাকান্ত দেব  
(গ) কেশবচন্দ্র সেন (ঘ) শিবনাথ শাস্ত্রী

১.৫ সর্বধর্ম সমন্বয়ের আদর্শ প্রচার করেন—

- (ক) শিবনাথ শাস্ত্রী (খ) স্বামী বিবেকানন্দ  
(গ) শ্রীরামকৃষ্ণ (ঘ) রাজা রামমোহন রায়

১.৬ কোল বিদ্রোহ (১৮৩১-'৩২) হয়েছিল—

- (ক) উত্তরবঙ্গে (খ) পূর্ব বঙ্গে  
(গ) ছোটনাগপুরে (ঘ) ভাগলপুরে

১.৭ বারাসাত বিদ্রোহে নেতৃত্ব দেন—

- |               |                     |
|---------------|---------------------|
| (ক) দুদু মিঞা | (খ) দিগম্বর বিশ্বাস |
| (গ) তিতুমির   | (ঘ) বিরসা মুন্ডা    |

১.৮ মহারাণীর ঘোষণাপত্র (১৮৫৮) অনুযায়ী ভারতের 'রাজপ্রতিনিধি' হিসাবে প্রথম নিযুক্ত হন—

- |                    |                       |
|--------------------|-----------------------|
| (ক) লর্ড ডালহৌসি   | (খ) লর্ড ক্যানিং      |
| (গ) লর্ড বেন্টিঙ্ক | (ঘ) লর্ড মাউন্টব্যাটন |

১.৯ ভারত সভার কার্যক্রমে যুক্ত ছিলেন—

- |                             |                                  |
|-----------------------------|----------------------------------|
| (ক) কেশবচন্দ্র সেন          | (খ) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় |
| (গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় | (ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর           |

১.১০ এখানে আলাদা গোত্রের উপাদানটি হলো—

- |              |                  |
|--------------|------------------|
| (ক) ভারতমাতা | (খ) গোরা         |
| (গ) আনন্দমঠ  | (ঘ) বর্তমান ভারত |

১.১১ ইউ. রায় অ্যাণ্ড সন্স ভূমিকা নিয়েছিল—

- |                                       |                                     |
|---------------------------------------|-------------------------------------|
| (ক) বাংলায় বিজ্ঞান শিক্ষার প্রসারে   | (খ) বাংলায় চিকিৎসা বিদ্যার প্রসারে |
| (গ) বাংলায় পাশ্চাত্য শিক্ষার প্রসারে | (ঘ) বাংলায় মুদ্রণ শিল্পের প্রসারে  |

১.১২ বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠা করেন—

- |                     |                       |
|---------------------|-----------------------|
| (ক) জগদীশচন্দ্র বসু | (খ) সত্যেন্দ্রনাথ বসু |
| (গ) চন্দ্রমুখী বসু  | (ঘ) আনন্দমোহন বসু     |

১.১৩ একা আন্দোলন ঘটেছিল—

- |  |                                   |
|--|-----------------------------------|
| (ক) বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলনের পর্যায়ে | (খ) আইন অমান্য আন্দোলনের পর্যায়ে |
| (গ) অহিংস অসহযোগ আন্দোলনের পর্যায়ে    | (ঘ) ভারত ছাড়ো আন্দোলনের পর্যায়ে |

১.১৪ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস প্রতিষ্ঠিত হয়েছিল—

- |                       |                       |
|-----------------------|-----------------------|
| (ক) ১৯১৭ খ্রিস্টাব্দে | (খ) ১৯২০ খ্রিস্টাব্দে |
| (গ) ১৯২৭ খ্রিস্টাব্দে | (ঘ) ১৯২৯ খ্রিস্টাব্দে |

১.১৫ ওয়ার্কাস অ্যাণ্ড পেজেন্টস পার্টি যুক্ত ছিল—

- (ক) রাওলাট সত্যাগ্রহে (খ) অসহযোগ আন্দোলনে  
(গ) বারদৌলি সত্যাগ্রহে (ঘ) সাইমন কমিশন-বিরোধী আন্দোলনে

১.১৬ আইন অমান্য আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন—

- (ক) বীণা দাস (খ) কমলা দেবী চট্টোপাধ্যায়  
(গ) কল্পনা দত্ত (ঘ) রোকেয়া সাখাওয়াত হোসেন

১.১৭ চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনে নেতৃত্ব দেন—

- (ক) ভগৎ সিংহ (খ) বিনয় বসু  
(গ) সূর্য সেন (ঘ) রাসবিহারী বসু

১.১৮ 'দলিত'-এর বিকল্প হিসেবে 'হরিজন' শব্দটি ব্যবহার করেছিলেন—

- (ক) বি. আর. আম্বেদকর (খ) মহাত্মা গান্ধি  
(গ) যোগেন্দ্রনাথ মন্ডল (ঘ) ই. ভি. রামস্বামী নাইকার

১.১৯ রাজ্য পুনর্গঠন কমিশন তৈরি করা হয়েছিল—

- (ক) ১৯৪৭ খ্রিস্টাব্দে (খ) ১৯৫০ খ্রিস্টাব্দে  
(গ) ১৯৫৩ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৫৬ খ্রিস্টাব্দে

১.২০ এদের মধ্যে কোনটি দেশীয় রাজ্য ছিল না—

- (ক) বোম্বে (খ) ভোপাল  
(গ) হায়দরাবাদ (ঘ) জয়পুর

বিভাগ : খ

২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দিতে হবে)

[ ১ × ১৬ = ১৬ ]

উপবিভাগ - ২.১ একটি বাক্যে উত্তর দাও :

- (২.১.১) সরলাদেবী চৌধুরানীর আত্মজীবনী গ্রন্থের নাম কী?  
(২.১.২) 'বঙ্গদর্শন' সাময়িকপত্র কে প্রবর্তন করেন?  
(২.১.৩) বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট কোন সালে প্রতিষ্ঠিত হয়েছিল?  
(২.১.৪) লীলা নাগ (রায়) কোন সংঘের সঙ্গে যুক্ত ছিলেন?

উপবিভাগ - ২.২ সত্য বা মিথ্যা নির্ণয় করো :

- (২.২.১) রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা করেছিলেন শ্রীরামকৃষ্ণ ।  
(২.২.২) মির নিসার আলি বাঁশের কেলা বানিয়েছিলেন ।  
(২.২.৩) মোপলা আন্দোলন একটি শ্রমিক আন্দোলন ছিল ।  
(২.২.৪) মাতঙ্গিনী হাজরা ছিলেন বঙ্গভঙ্গ আন্দোলনের নেত্রী ।

উপবিভাগ - ২.৩ 'অ' স্তম্ভের সঙ্গে 'আ' স্তম্ভ মেলাও :

অ	আ
(২.৩.১) রামমোহন রায়	১. ল্যান্ড হোল্ডার্স সোসাইটি
(২.৩.২) বি. আর. আশ্বেদকর	২. অ্যাংলো-হিন্দু কলেজ
(২.৩.৩) বল্লভভাই প্যাটেল	৩. দলিত আন্দোলন
(২.৩.৪) রাখাকান্ত দেব	৪. বরদৌলি আন্দোলন

উপবিভাগ - ২.৪ প্রদত্ত ভারতবর্ষের মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত কর :

- (২.৪.১) সন্ন্যাসী-ফকির বিদ্রোহের এলাকা  
(২.৪.২) নীল বিদ্রোহের কেন্দ্র বারাসাত  
(২.৪.৩) ১৮৫৭-র বিদ্রোহের কেন্দ্র ব্যারাকপুর  
(২.৪.৪) দেশীয় রাজ্য হায়দরাবাদ

অথবা

( কেবল দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য )

শূন্যস্থান পূরণ করো :

- (২.৪.১) সন্ন্যাসী-ফকির বিদ্রোহের একজন নেতা ছিলেন \_\_\_\_\_ ।  
(২.৪.২) নীল বিদ্রোহের সমর্থনে \_\_\_\_\_ সংবাদপত্র দাঁড়িয়েছিল ।  
(২.৪.৩) রাজনারায়ণ বসু \_\_\_\_\_ উদ্যোগে যুক্ত ছিলেন ।  
(২.৪.৪) হায়দরাবাদ ভারত রাষ্ট্রের অন্তর্গত হয় \_\_\_\_\_ খ্রিস্টাব্দে ।

উপবিভাগ - ২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যা নির্বাচন করো

- (২.৫.১) বিবৃতি : রাজা রামমোহন রায় লর্ড আমহাস্টকে চিঠি লিখেছিলেন ।  
ব্যাখ্যা — ১ : সতীদাহ প্রথা বন্ধ করার জন্য আবেদন হিসাবে ।  
ব্যাখ্যা — ২ : ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারে উদ্যোগী হওয়ার আবেদন হিসাবে ।  
ব্যাখ্যা — ৩ : ভারতে সংস্কৃত শিক্ষার বিস্তারে উদ্যোগী হওয়ার আবেদন হিসাবে ।

বিবৃতি ও ব্যাখ্যা প্রশ্নের নমুনা উত্তর

(২.৫.১) ব্যাখ্যা — ২ : ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারে উদ্যোগী হওয়ার আবেদন হিসাবে ।

- (২.৫.২) বিবৃতি : রবীন্দ্রনাথ ঠাকুর গোরা উপন্যাস লিখেছিলেন।  
ব্যখ্যা— ১ : পাশ্চাত্য শিক্ষার সমালোচনা করার জন্য।  
ব্যখ্যা— ২ : ঔপনিবেশিক প্রশাসনকে সমালোচনা করার জন্য।  
ব্যখ্যা— ৩ : সংকীর্ণ জাতীয়তাবাদকে সমালোচনা করার জন্য।
- (২.৫.৩) বিবৃতি : ১৯০৬ খ্রিষ্টাব্দে জাতীয় শিক্ষা পরিষদ গঠিত হয়।  
ব্যখ্যা - ১ : বৈজ্ঞানিক গবেষণার উন্নতির জন্য।  
ব্যখ্যা - ২ : কারিগরি শিক্ষার উন্নতির জন্য।  
ব্যখ্যা - ৩ : জাতীয় শিক্ষা প্রদানের জন্য।
- (২.৫.৪) বিবৃতি : ভারত সরকার ১৯২৯ খ্রিষ্টাব্দে মিরট ষড়যন্ত্র মামলা শুরু করে।  
ব্যখ্যা - ১ : এর উদ্দেশ্য ছিল বিপ্লবীদের দমন করা।  
ব্যখ্যা - ২ : এর উদ্দেশ্য ছিল আইন অমান্য আন্দোলন দমন করা।  
ব্যখ্যা - ৩ : এর উদ্দেশ্য দেশব্যাপী সাম্যবাদী কার্যকলাপ দমন করা।

বিভাগ : গ

৩. দুটি অথবা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো ১১টি) (২×১১ = ২২)

- ৩.১ আত্মজীবনী কীভাবে ইতিহাসের উপাদান হিসাবে ব্যবহৃত হতে পারে ?
- ৩.২ বৃটিশ সরকার কেন ১৮৯৮ খ্রিষ্টাব্দে 'সোমপ্রকাশ' সাময়িকপত্রের প্রকাশ বন্ধ করে দেয় ?
- ৩.৩ নব্যবঙ্গ গোষ্ঠী কাদের বলা হতো ?
- ৩.৪ ব্রাহ্মসমাজের যে কোন দুটি সমাজ সংস্কারমূলক কাজের উল্লেখ কর।
- ৩.৫ বিপ্লব বলতে কী বোঝায় ?
- ৩.৬ মুন্ডা বিদ্রোহের প্রধান লক্ষ্য কি ছিল ?
- ৩.৭ 'সভা সমিতির যুগ' বলতে কী বোঝায় ?
- ৩.৮ গগনেন্দ্রনাথ ঠাকুর কীভাবে ঔপনিবেশিক সমাজের সমালোচনা করেছিলেন ?
- ৩.৯ ছাপা বই শিক্ষার প্রসারে কী ভূমিকা নিয়েছিল ?
- ৩.১০ শ্রীনিকেতন কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল ?
- ৩.১১ বাবা রামচন্দ্র কে ছিলেন ?
- ৩.১২ তাম্রলিপ্ত জাতীয় সরকার কী কী উদ্যোগ নিয়েছিল ?
- ৩.১৩ বীণা দাস বিখ্যাত কেন ?
- ৩.১৪ রশিদ আলি দিবস কেন পালিত হয়েছিল ?

৩.১৫ স্মৃতিকথা কীভাবে উদ্বাস্তু সমস্যার ইতিহাস রচনার উপাদান হিসাবে ব্যবহার করা যায়?

৩.১৬ পোড়ি শ্রীরামলু কে ছিলেন?

বিভাগ : ঘ

৪. সাত বা আটটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও

(প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে)

(৪ × ৬ = ২৪)

উপবিভাগ : ঘ.১

৪.১. পাশ্চাত্য শিক্ষা বিস্তারে রাজা রামমোহন রায়ের ভূমিকা আলোচনা কর।

৪.২. নারীশিক্ষা প্রসারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে আলোচনা কর।

উপবিভাগ : ঘ.২

৪.৩. মহারানীর ঘোষণাপত্রের (১৮৫৮) ঐতিহাসিক তাৎপর্য কী?

৪.৪. আনন্দমঠ উপন্যাসটি কীভাবে জাতীয়তাবাদী চেতনা বিস্তারে সহায়তা করেছিল?

উপবিভাগ : ঘ.৩

৪.৫. বাংলায় ছাপাখানা বিকাশে উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ভূমিকা আলোচনা কর।

৪.৬. বিশ্বভারতী প্রতিষ্ঠার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তার পরিচয় দাও।

উপবিভাগ : ঘ.৪

৪.৭. সশস্ত্র বিপ্লবী আন্দোলনে নারীদের যোগদানের চরিত্র বিশ্লেষণ করো।

৪.৮. দলিত-অধিকার বিষয়ে গান্ধি ও আন্ডেদকর বিতর্কের মূল প্রসঙ্গটি আলোচনা কর।

বিভাগ : ঙ

৫. পনেরো বা ষোলটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(৮ × ১ = ৮)

৫.১ নীল বিদ্রোহ ঘটেছিল কেন? এই বিদ্রোহের বৈশিষ্ট্য বিশ্লেষণ কর।

(৩ + ৫)

৫.২ মহাবিদ্রোহের চরিত্র ও প্রকৃতি বিশ্লেষণ কর।

(৮)

৫.৩ ভারত ছাড়া আন্দোলনে শ্রমিকদের ভূমিকা বিশ্লেষণ কর।

ওয়ার্কার্স অ্যান্ড পেসেন্ট্‌স পার্টি সম্বন্ধে একটি সংক্ষিপ্ত টীকা লেখ।

(৫ + ৩)

[ কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]

বিভাগ : চ

৬. একটি পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো ৪টি) (১×৪ = ৪)

- ৬.১ সতীদাহ প্রথা নিবারণ আইন পাশ হয় কোন গভর্নর জেনারেলের শাসনকালে?
- ৬.২ বাংলায় স্বদেশি আন্দোলনের সঙ্গে যুক্ত একজন নেত্রীর নাম লেখো।
- ৬.৩ অ্যান্টি সারকুলার সোসাইটির প্রতিষ্ঠাতা কে?
- ৬.৪ মাস্টারদা নামে কে পরিচিত ছিলেন?
- ৬.৫ গান্ধি-আম্বেদকর-এর মধ্যে পূনা চুক্তি কত সালে স্বাক্ষরিত হয়েছিল?

৭. দুটি বা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো ৩টি) (২×৩ = ৬)

- ৭.১ স্থানীয় ইতিহাস বলতে কী বোঝো?
- ৭.২ উডের নির্দেশনামার যে কোনো দুটি সুপারিশ উল্লেখ করো।
- ৭.৩ অলিন্দ যুদ্ধ কাকে বলে?
- ৭.৪ 'দেশীয় রাজ্য' বলতে কী বোঝো?